আশ্রয়ণের অধিকার
শেখ হাসিনার উপহার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
আশ্রয়ণ-২ প্রকল্প
তেজগাঁও, ঢাকা।
(www.ashrayanpmo.gov.bd)

মুজিব শতবর্ষ MUJIB 100

স্মারক নং- ০৩.০২.০০০০.৭০৩.১৪.২৫২.২০-৫৯৪

তারিখঃ ০২ চৈত্র ১৪২৭ ব.
১৬ মার্চ ২০২১ খ্রি.

**বিষয়ঃ মুজিববর্ষ উপলক্ষে একক গৃহ নির্মাণের জন্য ২০২০-২১ অর্থ বছরে আশ্রয়ণ-২ প্রকল্পের আওতায় ভূমি উন্নয়নে মাটির কাজ বাস্তবায়নের জন্য গমের বরাদ্দ আদেশ।**

সূত্র ঃ ১। দিনাজপুর জেলার স্মারক নং-০৫.৫৫.২৭০০.০১১.১৮.০১৮.২১.৪০৯(২) তাং-০৮/০৩/২০২১খ্রি.।
২। সিরাজগঞ্জ জেলার স্মারক নং-৩১.৪৩.৮৮০০.০১৮.১২.০০২.২০-২৫৯ তাং-২৪/০২/২০২১খ্রি.।
৩। পঞ্চগড় জেলার স্মারক নং-৩১.৫৫.৭৭০০.০১৭.১৪.০১৮.২০ তাং-০২/০৩/২০২১খ্রি.।
৪। ঠাকুরগাঁও জেলার স্মারক নং-০৫.৫৫.৯৪০০.০০৮.০০.৩৭৩.২০২১-৪১৫(৩) তাং-০২/০৩/২০২১খ্রি.।
৫। নোয়াখালী জেলার স্মারক নং-০৫৪২.৭৫০০.০১৩.৪২.০৮৩.২০.৫০ তাং-০৪/০৩/২০২১খ্রি.।
৬। চাঁদপুর জেলার স্মারক নং -০৫.৪২.১৩০০.০১৫.১৪.০৩৪.২০-১৮১ তাং-০৩/০৩/২০২১খ্রি.।
৭। কুড়িগ্রাম জেলার স্মারক নং -৩১.৪৭.৪৯০০.০০৬.০৫.০১৫.১৮-২৮৩ তাং-০১/০৩/২০২১খ্রি.।
৮। লালমনিরহাট জেলার স্মারক নং -০৫.৪৭.৫২০০.০১৮.০১.০১১.২০-৬৬ তাং-০৯/০৩/২০২১খ্রি.।
৯। রংপুর জেলার স্মারক নং -০৫.৫৫.৮৫০০.০১০.০৭.০৩৫.২০.৩১৯ (১১) তাং-০৭/০৩/২০২১খ্রি.।
১০। মেহেরপুর জেলার স্মারক নং -০৫.৪৪.৫৭০০.০০৯.১৪.০৩২.১৯.৩৬৬ তাং-০৮/০৩/২০২১খ্রি.।
১১। পাবনা জেলার স্মারক নং -৫১.০১.৭৬০০.০২২.৩৩.০০৫.২০-১৩৮ তাং-০৮/০৩/২০২১খ্রি.।

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে আশ্রয়ণ-২ প্রকল্পের আওতায় সংশ্লিষ্ট জেলা প্রশাসকের চাহিদার প্রেক্ষিতে একক গৃহ নির্মাণ কাজ বাস্তবায়নের জন্য নিম্নে উল্লেখিত ছকের ৪ ও ৫ নং কলামের বর্ণনা অনুযায়ী খাদ্যশস্যের বরাদ্দ আদেশ প্রদান করা হল।

| ক্র. নং | জেলা | উপজেলা | বরাদ্দকৃত খাদ্যশস্যের পরিমাণ (গম) মে. টন | |
|---|---|---|---|---|
| | | | অংকে | কথায় |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | দিনাজপুর | খানসামা, ফুলবাড়ি, নবাবগঞ্জ | ৩২৪.৮৯০ | তিনশত চব্বিশ দশমিক আট নয় শূন্য |
| ২. | সিরাজগঞ্জ | সকল উপজেলা | ৫০০.০০০ | পাঁচশত দশমিক শূন্য শূন্য শূন্য |
| ৩. | পঞ্চগড় | পঞ্চগড় সদর, তেতুলিয়া, বোদা, আটোয়ারী | ১৩৯.১৭৮ | একশত উনচল্লিশ দশমিক এক সাত আট |
| ৪. | ঠাকুরগাঁও | ঠাকুরগাঁও সদর | ৭৬.৪২৯ | ছিয়াত্তর দশমিক চার দুই নয় |
| ৫. | নোয়াখালী | সকল উপজেলা | ১০০.০০০ | একশত দশমিক শূন্য শূন্য শূন্য |
| ৬. | চাঁদপুর | সকল উপজেলা | ১০০.০০০ | একশত দশমিক শূন্য শূন্য শূন্য |
| ৭ | কুড়িগ্রাম | সকল উপজেলা | ১৫০.০০০ | একশত পঞ্চাশ দশমিক শূন্য শূন্য শূন্য |
| ৮ | লালমনিরহাট | সকল উপজেলা | ১০০.০০০ | একশত দশমিক শূন্য শূন্য শূন্য |
| ৯ | রংপুর | সকল উপজেলা | ১০০.০০০ | একশত দশমিক শূন্য শূন্য শূন্য |
| ১০ | মেহেরপুর | সকল উপজেলা | ২০.০০০ | বিশ দশমিক শূন্য শূন্য শূন্য |
| ১১ | পাবনা | সকল উপজেলা | ১৫০.০০০ | একশত পঞ্চাশ দশমিক শূন্য শূন্য শূন্য |
| | | মোট = | ১৭৬০.৪৯৭ | একহাজার সাতশত ষাট দশমিক চার নয় সাত |

*(চাল: গম ১:১.৩৬)

F. No.: PC DPF A... G. 2020-21

০২। প্রকল্পের লক্ষ্যমাত্রা অর্জনের স্বার্থে সংশ্লিষ্ট জেলা প্রশাসক উপজেলা পর্যায়ে চাহিদার বিপরীতে উপ-বরাদ্দাদেশ জারি করবেন। উপ-পরিচালক, স্থানীয় সরকার, অতিরিক্ত জেলা প্রশাসকগণ জেলা প্রশাসকের পক্ষে সংশ্লিষ্ট উপজেলাসমূহের গমের চাহিদার উপযোগিতা সরেজমিনে পরিদর্শন করবেন। কোন অবস্থাতেই নদী ভাঙ্গনের হুমকি রয়েছে এমন জায়গা নির্বাচন ও উপ বরাদ্দ দেয়া যাবে না।

০৩। প্রকল্পের কাজ অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) জেলা প্রশাসকের পক্ষে তত্ত্বাবধান ও নিয়মিত পরিবীক্ষণ করবেন এবং অত্র কার্যালয়কে অবহিত করবেন।

০৪। উপ-বরাদ্দ প্রাপ্ত খাদ্যশস্যের বিপরীতে উপজেলা নির্বাহী অফিসারগণ প্রকল্পস্থান চিহ্নিত করে কাবিখা নীতিমালার ভিত্তিতে মাটির কাজের ড্রইং, ডিজাইন ও পরিমাণ নিরুপন করবেন। বর্ণিত প্রকল্পস্থান উপজেলা ম্যাপে চিহ্নিত করে প্রাক্কলনসহ তাঁর নিজ দপ্তরে সংরক্ষণ করবেন এবং ১ কপি জেলা প্রশাসক বরাবর প্রেরণ করে অত্র কার্যালয়কে অবহিত করবেন। মাটি ভরাটের ক্ষেত্রে প্রাক-জরিপ ও কর্মোত্তর জরিপ আবশ্যিকভাবে সম্পাদন করতে হবে (ছবিসহ) এবং উপজেলা নির্বাহী অফিসারকে সংরক্ষণ করতে হবে।

০৫। প্রকল্পের জন্য বরাদ্দকৃত খাদ্যশস্য দ্বারা বরাদ্দ প্রাপ্তির ১৫ দিনের মধ্যে মাটির কাজ সম্পাদন করতে হবে। মাটির কাজের অগ্রগতি প্রতিবেদন প্রতি মাসের ৭(সাত) তারিখের মধ্যে আশ্রয়ণ-২ প্রকল্প কার্যালয়ে প্রেরণ করতে হবে।

০৬। বর্ণিত প্রকল্পসমূহ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের গ্রামীণ অবকাঠামো সংস্কার কর্মসূচির আওতায় "প্রকল্প গ্রহণ, প্রণয়ন, অনুমোদন, বাস্তবায়ন ও পরিবীক্ষণ পরিপত্র (ডিসেম্বর'২০১৪)" অনুসরণ করে বাস্তবায়ন করতে হবে।

০৭। উপর্যুক্ত প্রকল্পসমূহের অনুকূলে চলতি অর্থ বছরে ইতোমধ্যে অন্য কোন উৎস/সংস্থা হতে খাদ্যশস্য বরাদ্দ করা হয়ে থাকলে সে প্রকল্পের জন্য কোন খাদ্যশস্য ব্যবহার না করে বরাদ্দ আদেশ বাতিলের জন্য প্রস্তাব অত্র দপ্তরে প্রেরণ করতে হবে।

০৮। প্রকল্পের খাদ্যশস্যের সরবরাহ আদেশ সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারগণ জারি করবেন এবং সংযুক্ত ড্রয়িং ও ডিজাইন মোতাবেক কাজ সম্পাদন নিশ্চিতকরতঃ প্রকল্পের কাজ সমাপ্তির ৭(সাত) দিনের মধ্যে সমাপ্তি প্রতিবেদন আশ্রয়ণ-২ প্রকল্প কার্যালয়ে প্রেরণ করবেন।

০৯। ভরাটকৃত মাটি অবশ্যই স্পেসিফিকেশন মোতাবেক Compaction করতে হবে। কোনক্রমেই আলগা মাটিতে গৃহ নির্মাণ করা যাবে না। প্রকল্পস্থান অবশ্যই বন্যা লেভেলের উপরে থাকতে হবে।

১০। বরাদ্দপত্রের সঠিকতা যাচাই করার লক্ষ্যে প্রকল্প পরিচালকের স্বাক্ষরের সাথে `emboss' সীল মিলিয়ে দেখতে হবে।

১১। প্রাক-জরিপকালীন সময়ে প্রদর্শিত উৎস হতে মাটি সংগ্রহ করতে হবে। অন্যথায় কর্মোত্তর জরিপে পূর্ব নির্ধারিত লিড ও লিফট বিবেচনা করা হবে না।

১২। কাজ সমাপ্তির পর সংশ্লিষ্ট উপ-পরিচালক, স্থানীয় সরকার/অতিরিক্ত জেলা প্রশাসকের নেতৃত্বে কর্মোত্তর জরিপ সম্পাদন করতে হবে।

১৩। যে সকল প্রকল্পে বালি দ্বারা ভরাট করা হবে সে সকল প্রকল্পের চর্তুপার্শ্বে কমপক্ষে ৮ (আট) ফুট চওড়া (উপরের অংশ) করে মাটির রিং বাঁধ করতে হবে এবং বালি ভরাটের উপর কমপক্ষে ১ (এক) ফুট মাটি দ্বারা ফিলিং করতে হবে।

১৪। প্রকল্পের প্রাক-পরিমাপ ও চূড়ান্ত পরিমাপের সময় প্রকল্পের ছবি সংগ্রহ করে তা নথিতে সংরক্ষণ ও আশ্রয়ণ-২ প্রকল্প কার্যালয়ে প্রেরণ করতে হবে।

১৫। সরকারি প্রচলিত বিধি এবং উপর্যুক্ত নির্দেশাবলীর আলোকে মাটির কাজ বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল।

মোঃ মাহবুব হোসেন
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)
☎ ৪৮১১২৬১৮
মোবাইলঃ-০১৭১১৫৬৪৬৬৬
ইমেইল-(ashrayanpmo@gmail.com)

জেলা প্রশাসক
দিনাজপুর/সিরাজগঞ্জ/পঞ্চগড়/ঠাকুরগাঁও/নোয়াখালী/ চাঁদপুর/ কুড়িগ্রাম/ লালমনিরহাট/ রংপুর/মেহেরপুর/পাবনা।

**অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো ঃ**

১। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ৯২/৯৩, মহাখালী বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৩। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, আব্দুল গণি রোড, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, রংপুর/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা।
৫। জেলা খাদ্য নিয়ন্ত্রক, দিনাজপুর/সিরাজগঞ্জ/পঞ্চগড়/ঠাকুরগাঁও/নোয়াখালী/চাঁদপুর/কুড়িগ্রাম/ লালমনিরহাট/ রংপুর/মেহেরপুর/পাবনা।
৬। উপজেলা পরিষদ চেয়ারম্যান,--------------------------------------------------।
৭। উপজেলা নির্বাহী অফিসার,--------------------------------------------------।
৮। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক,--------------------------------------------------।
৯। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,---------------------------------------------।
১০। অফিস কপি,------------------------------------------------------------।